গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা: ২৪৮/২০১৭/ ৮৯৬০ — তারিখ: ১২ নভেম্বর ২০১৭

**বিষয়: ১৬৫ তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬৫ তম কমিশন সভা ৮ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্ব করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সিএম ১৬৫/১ | **আলোচ্য বিষয়:** ১৬৪তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br>**সিদ্ধান্ত :** ১৬৪তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| সিএম ১৬৫/২ | **আলোচ্য বিষয়:** ১৬৪তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>**সিদ্ধান্ত:** ১৬৪তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| সিএম ১৬৫/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫(পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিয়োক্ত ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৬০৮ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. তামিশনা ফ্যাশন ওয়্যার লিমিটেড ইউনিট: ৩ [কর্পোরেট ঠিকানা: ৬৫, শাহ মাখদুম এভিনিউ, সেক্টর: ১২, উত্তরা, ঢাকা-১২৩০;ফ্যাক্টরীর ঠিকানা: তিলারগাতি, সাতাইশ, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>২. তামিশনা ফ্যাশন ওয়্যার লিমিটেড ইউনিট: ২ [কর্পোরেট ঠিকানা: ৬৫, শাহ মাখদুম এভিনিউ, সেক্টর: ১২, উত্তরা, ঢাকা-১২৩০;ফ্যাক্টরীর ঠিকানা: মুলাইদ, টেংরা, শ্রীপুর, গাজীপুর]এর অনুকূলে ৩২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৩. হেইসং কোরিয়া লিমিটেড (নীটিং ইউনিট) [কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা:কাঠগড়া, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৮০ কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. অস বাংলা জুটেক্স লিমিটেড[কর্পোরেট ঠিকানা: ১১৬/১, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড (৩য় তলা), ঢাকা, বাংলাদেশ;ফ্যাক্টরীর ঠিকানা: লেংগুরদী, ফাউসা বাজার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৫. আইডিয়াল ফাইবার ইন্ডাস্ট্রিজ লিমিটেড[কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা:মধ্য নরসিংপুর, কাশিপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৯০০ কি:ও: (গ্যাস ভিত্তিক), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৫/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ডিজেল ভিত্তিক ১৫১৬ কি:ও: হতে ২৩৬ কি:ও: হ্রাসপূর্বক ১২৮০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. তামিশনা ফ্যাশন ওয়্যার লিমিটেড [কর্পোরেট ঠিকানা: ৬৫, শাহ মাখদুম এভিনিউ, সেক্টর: ১২, উত্তরা, ঢাকা-১২৩০; ফ্যাক্টরীর ঠিকানা: প্লট নং: ২৪৭, ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর এবং মুলাইদ, টেংরা, শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ফ্যাক্টরীর ঠিকানা "প্লট নং: ২৪৭, ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর এবং মুলাইদ, টেংরা, শ্রীপুর, গাজীপুর"হতে "প্লটনং: ২৪৭, ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর" তে সংশোধনপূর্বক এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৯৪০কি:ও: [২২০+ ৩২০+ ৪০০] এর পরিবর্তে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ২৭/১১/২০১৬ হতে ২৬/১১/২০১৯;<br><br>২. এলাইন অ্যাপারেলস লিমিটেড [কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা: চারাবাগ, আমতলা, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৫৭৬কি:ও: [৪০০+ ১৭৬] এর পরিবর্তে ৮৮০ কি:ও: [৪০০+ ৪৮০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২৫/০৪/২০১৬ হতে ২৪/০৪/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৫/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৮(আঠার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ১৮ (আঠার)টি প্রতিষ্ঠানকে দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায়। এ সকল প্রতিষ্ঠানকে ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিলের জন্য ২০১০ এবং ২০১১ সালে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ২১/০৯/২০১৭ তারিখেপত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন বাতিল করা হবে মর্মে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি।<br><br>উপস্থাপিত ১৮(আঠার)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৮(আঠার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার প্রস্তাব অনুমোদন করা হয় (পরিশিষ্ট-খ)। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৫/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে ১.২৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সাময়িক লাইসেন্স অনুমোদন করা হয়:<br><br>১. অ্যামেজিং ফ্যাশনস লিমিটেড, প্লট নং-১০, ডেগেরচালা রোড, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর; বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লট নং-১০, ডেগেরচালা রোড, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর; বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.২৮ মেগাওয়াট [৭০৪ কি.ও. (ডিজেল) + ৪০০ কি.ও. (ডিজেল) + ১৭৬ কি.ও. (ডিজেল)] | পরিচালক (বিদ্যুৎ) |

**সিএম ১৬৫/৭**

**আলোচ্য বিষয়:** 'নিটল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লি:' (নগর জলফই, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।

**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার পে-অর্ডার ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে নিটল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লি: (নগর জলফই, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করাতে হবে।

পরিচালক (গ্যাস)

**সিএম ১৬৫/৮**

**আলোচ্য বিষয়:** 'মেসার্স এম. আর. সিএনজি ফিলিং স্টেশন' (ফুলবাড়ী, গোলাপগঞ্জ, সিলেট)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।

**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস বাবদ ৫০,০০০/- টাকা দাখিল সাপেক্ষে 'মেসার্স এম. আর. সিএনজি ফিলিং স্টেশন' (ফুলবাড়ী, গোলাপগঞ্জ, সিলেট) -এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য ৩ (তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়।

পরিচালক (গ্যাস)

**সিএম ১৬৫/৯**

**আলোচ্য বিষয়:** এলএনজি টার্মিনাল পরিচালনা, এলএনজি ক্রয় এবং "মাল্টি-রোল অফসোর সার্ভে ও গবেষণা জাহাজ সংগ্রহ শীর্ষক প্রকল্প" সংক্রান্ত কার্যাদি সম্পন্নের জন্য ৮৪৪.২০ মিলিয়ন মার্কিন ডলার বা সমপরিমাণ ৬৯২২.৪৪ কোটি টাকা জ্বালানি নিরাপত্তা তহবিল হতে সংস্থানের বিষয় সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, দেশে বিদ্যমান গ্যাসের ঘাটতি ও ক্রমবর্ধমান চাহিদা মিটানোর লক্ষ্যে সরকার এলএনজি আমদানির সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে কক্সবাজার জেলার মহেশখালিতে ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন দুইটি পৃথক ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনের জন্য Excelerate Energy Bangladesh Limited ও Summit LNG Terminal Co. (Pvt.) এর সাথে Implementation Agreement (IA) স্বাক্ষরিত হয়েছে। এছাড়া পেট্রোবাংলার সাথে EEBL ও Summit এর সাথে Terminal Use Agreement (TUA) স্বাক্ষারিত হয়েছে। যার ফলে এপ্রিল ২০১৮ হতে EEBLএর টার্মিনাল এ সর্বোচ্চ ৩.৭৫ এমটিপিএ এবং ২০১৮ সাল শেষে Summit এর টার্মিনালে আরো ৩.৭৫ এমটিপিএ অর্থাৎ ২০১৯ সাল হতে ৭.৫ এমটিপিএ এলএনজি আমদানি করে তা রি-গ্যাসিফিকেশন করার প্রয়োজন হবে।

ইতোমধ্যে কাতার সরকারের সাথে বাংলাদেশ সরকারের ২.৫ এমটিপিএ এলএনজি ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উল্লেখ্য, মোট ১০০০ এমএমসিএফডি এর সমপরিমান এলএনজি আমদানি এবং রি-গ্যাসিফিকেশন করতে পরিচালনা ব্যয় মেটানোর জন্য প্রয়োজনীয় অর্থের হিসাব নিম্নরুপ:

মিলিয়ন মার্কিন ডলার

| ক্রঃ নং | বিবরণ | EEBL | Summit | মোট |
|---|---|---|---|---|
| ১ | Customer Letter of Credit | ১৫.০০ | ১৫.০০ | ৩০.০০ |
| ২ | Latent Heat Capture System (LHCS) এর জন্য | ৭.১০ | ৭.১০ | ১৪.২০ |
| ৩ | এলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলবিং ফান্ড (এসবিএলসি সহ) | ৪০০.০০ | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৪ | মোট= | ৪২২.১০ | ৪২২.১০ | ৮৪৪.২০ |

| | | |
|---|---|---|
| | জ্বালানি নিরাপত্তা তহবিলে মার্চ ২০১৭ পর্যন্ত ৩,৫৫২.৬৫ কোটি টাকা জমা হয়েছে। উক্ত তহবিল ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** এলএনজি আমদানি ও পরিচালনার জন্য রি-ভলভিং ফান্ড (এসবিএলসি সহ), Customer Letter of Credit এবং Latent Heat Capture System (LHCS) এর জন্য জ্বালানি নিরাপত্তা তহবিল হতে ৩,৫০০.০০ কোটি টাকা প্রদানের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলাসহ সংশ্লিষ্ট পক্ষের সাথে দ্রুত একটি আলোচনা সভার আয়োজন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৫/১০ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ গ্যাস আইন ২০১০ সংশোধণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** বাংলাদেশ গ্যাস আইন ২০১০ এর ধারা ৬ এ বর্ণিত গ্যাস ব্যবহাকারীর গ্রাহক শ্রেণীতে বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রসমূহের (সিআইপিপি) জন্য নতুন একটি শ্রেণী যোগ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ইত:পূর্বে প্রেরিত পত্রের অগ্রগতি নিয়মিত তদারকি করতে হবে। | সচিব, পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৫/১১ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৪(টি) প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** প্রয়োজ্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ও ভ্যাট দাখিল সাপেক্ষে পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য নিম্নবর্ণিত ৪টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান করা হয়। বিষয়টি পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১. রেনেটা লিমিটেড এর অনুকূলে [মজুদাগারঃ মৌজাঃ উত্তর সেনপাড়া পর্বতা, থানাঃ সাবেক মিরপুর হালে পল্লবী, জেলাঃ ঢাকা] মোট ২,১৪৭ মেঃটন সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ৩১/০১/২০১৬ হতে ৩০/০১/২০১৮ তারিখ পর্যন্ত লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>২. আজমির ট্রেডিং কর্পোরেশন এর অনুকূলে [মজুদাগারঃ মৌজাঃ মাদারবাড়ি, থানাঃ ডাবলমুরিং, জেলাঃ চট্টগ্রাম] ৫,০০০ মে. টন সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য ইস্যু তারিখ হতে ১ (এক) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>৩. জে এ পি ট্রেডিং এর অনুকূলে [মজুদাগারঃ মৌজাঃ চরগোলগলিয়া, থানাঃ কেরাণীগঞ্জ, জেলাঃ ঢাকা] সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ ৯৮০ মেঃ টন মজুদকরণ ও বিতরণের জন্য প্রথম ইস্যু তারিখ হতে ১(এক) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>৪. মেসার্স জে.কে খান গ্রুফ এর অনুকূলে [মজুদাগারঃ কোতয়ালী, ময়মনসিংহ] আবেদনকৃত ৬০০ মেঃটন পেট্রোলিয়ামজাত পদার্থ প্রযোজ্য ফিস দাখিল সাপেক্ষে এবং ভবিষ্যতে সঠিক তথ্য প্রদানের পরামর্শ প্রদানসহ ১৮/০৭/২০১৬ হতে ১৭/০৭/২০১৮ পর্যন্ত লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম ১৬৫/১২ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়:<br><br>১. এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ কাজির শিমলা, ত্রিশাল, ময়মনসিংহ] সুপারিশকৃত ১,৬৫৬.৪৮ অথবা ১,৬৬০ কিলোলিটার ট্রান্সফরমার অয়েল মজুদকরণ ও বিতরণের জন্য ০৬/০৫/২০১৬ হতে ০৫/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে প্রদত্ত লাইসেন্স সংশোধন অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ২. মেসার্স আশরাফ আলী টিম্বার এর অনুকূলে [মজুদাগারঃ ৪২৫ নতুন জুরাইন, গেন্ডারিয়া, ঢাকা] সুপারিশকৃত ৩,৬৪,১২৩ লিটার অথবা ৩,৬৫,০০০ লিটার পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য ৩০/০৫/২০১৬ হতে ২৯/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br>৩. কে.এম এন্টারপ্রাইজ এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ চর কামরাঙ্গী, কামরাঙ্গীর চর, ঢাকা] সুপারিশকৃত ৩,১১০ মেঃটন পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য ০৯/১২/২০১৫ হতে ০৮/১২/২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদে প্রদত্ত লাইসেন্স সংশোধন অনুমোদন প্রদান করা হয়।<br>৪. লুব হাউজ ইন্ডাস্ট্রিজ লিঃ এর অনুকূলে বিসিক ইন্ডাস্ট্রিয়াল এলাকা, করারচর, শিবপুর, নরসিংদী] সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন, মজুদকরণ ও বিপণন ও বিতরণের জন্য ১৭/০৫/২০১৬ হতে ১৬/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। | |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদউল হক ভূঁইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৮৯৬০

তারিখ:১২ নভেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫